

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

আরবী

وَعَن مُحَمَّد بن عَمْرو هُوَ ابْن الْحَسَنِ بْنِ عَلِيِّ قَالَ: سَأَلْنَا جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ عَنْ صَلَاةِ النَّبِيِّ صَلَّى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ كَانَ يُصَلِّي الظُّهْرَ بِالْهَاجِرَةِ وَالْعَصْرَ وَالشَّمْسُ حَيَّةٌ وَالْعَصْرَ وَالشَّمْسُ حَيَّةٌ وَالْمَغْرِبَ إِذَا وَجَبَتْ وَالْعِشَاءَ إِذَا كَثُرَ النَّاسُ عَجَّلَ وَإِذَا قَلُّوا أَخَّرَ وَالصَّبْح بِغَلَس

বাংলা

প্রেচ-[২] মুহাম্মাদ ইবনু 'আমর ইবনুল হাসান ইবনু 'আলী হতে বর্ণিত। তিনি বলেন, আমরা জাবির (রাঃ) ইবনু 'আবদুল্লাহ (রাঃ)-কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাত (সালাত/নামায/নামাজ) সম্পর্কে জিজ্ঞেস করলাম। উত্তরে তিনি বললেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দুপুর ঢলে গেলে যুহরের সালাত আদায় করতেন। 'আসরের সালাত আদায় করতেন, তখনও সূর্যের দীপ্তি থাকতো। মাগরিবের সালাত আদায় করতেন সূর্য অস্ত যেতেই। আর 'ইশার সালাত, যখন লোক অনেক হতো এবং তাড়াতাড়ি আদায় করতেন। আর লোকজন কম হলে দেরী করতেন এবং অন্ধকার থাকতে ফজরের (ফজরের) সালাত আদায় করতেন। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৬৫, মুসলিম ৬৪৬, আবূ দাউদ ৩৯৭, ইরওয়া ২৫৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ২১১৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: একজন তাবি'ঈ সাহাবী জাবির (রাঃ)-এর কাছে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাতের সময়গুলো জানতে চাইলেন। জাবির (রাঃ) জানালেন যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহর আদায় করতেন দুপুরে সূর্য পশ্চিম দিকে ঢলে যাবার সাথেই। আর 'আসর আদায় করতেন ঐ সময় যখন সূর্য উজ্জ্বল সাদা চক্চকে থাকতো।



মাগরিব সূর্য অস্ত যাওয়ার পর পরই। আর 'ইশার সালাতটি আদায় করার ব্যাপারে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীগণের উপস্থিতির কথাটি খেয়াল রাখতেন। তাড়াতাড়ি উপস্থিত হলে আওওয়াল ওয়াক্তে আর বিলম্বে উপস্থিত হলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিলম্ব করতেন। কারণ 'ইশা বিলম্ব করে আদায় করলে সাওয়াব বেশী। আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাজর (ফজর) শুরু করতেন গালাসে, অর্থাৎ- ভোরের অন্ধকারে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন